নিজের জন্মদিন পালনে অভিনব উদ্যোগ খড়গপুরের তানিয়ার

নিজস্ব সংবাদদাতা, খড়গপুর ঃ পেশায় বেসরকারি কোম্পানিতে চাকরি করেন, আজ তাঁর জন্মদিন। সেই জন্মদিন উপলক্ষ্যে এক অভিনব উদ্যোগ নিলেন খড়গপুর শহরের সুভাষ পল্লীর বাসিন্দা তানিয়া চক্রবর্তী। খড়গপুরের মালঞ্চতে একটি হোমে বেশ কয়েকজন অসহায়, সহায় সম্বলহীন মানুষদের সঙ্গে তিনি আজকের দিনটি কাটালেন। শুধু কাটালেন না, তাঁদের সঙ্গে বসে উনি কেকও কাটলেন, পাশাপাশি করলেন বস্ত্র বিতরণ। তানিয়ার এই মহৎ উদ্যোগের সাক্ষী হতে পাশে ছিলেন ওনার বাবা শঙ্কর চক্রবর্তী ও মা রীতা চক্রবর্তী। শঙ্করবাবু জানান, মেয়ে তানিয়া প্রতিবছর জন্মদিন উপলক্ষ্যে সমাজের নানারকম গরিব মানুষ, পাশাপাশি যারা অবহেলিত ছেলে বা মেয়ে তাদের পাশে দাঁড়ায়। এতেই আনন্দ পায় তানিয়া চক্রবর্তী। আজকেও একটি হোমে প্রায় ৭০ জনকে বস্ত্রবিতরণ করেন। আর স্বভাবতই মেয়ের আনন্দে খুশি বাবা ও মা।

ফুটবল প্রতিযোগিতায় জয়ী মেচেদা

নিজস্ব সংবাদদাতা, মেচেদা ঃ অনূর্ধ্ব ১৮ ফুটবল প্রতিযোগিতা হয়ে গেল রবিবার। মেচেদা ফেথ এন্ড হোপ চেরিট্যাবল ট্রাস্ট এবং কলকাতা বেঙ্গল ফুটবল কোচিং সেন্টার এই প্রতিযোগিতায় মুখোমুখি হয়। মাঠে ভীর ছিল ভালই। মেচেদা ফুটবল একাডেমির উদ্যোগে এবং শান্তিপুর নবীন সংঘের পরিচালনায় এই খেলার আয়োজন করা হয়। শান্তিপুর ফুটবল মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়। এ দিন প্রতিযোগিতার উদ্বোধন করেন পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি দেবব্রত দাস। তিনি বলেন, ফুটবলের প্রসারের জন্য প্রতিযোগিতার আয়োজন। এখানে ছেলেদের প্রশিক্ষণও দেওয়া হয়। এছাড়াও উপস্থিত ছিলেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক বন্দি কমল সহ বিশিষ্টজনেরা। খেলা শেষে ট্রাইব্রেকারে মেচেদা ফেথ এন্ড হোপ চেরিট্যাবল ট্রাস্ট ২-০ গোলে জয়লাভ করে। অয়োজক সংস্থার পক্ষ থেকে জয়ী দলের হাতে পুরস্কার হিসাবে ট্রফি তুলে দেওয়া হয়।

দুর্গাপুজো কমিটিগুলিকে নিয়ে বৈঠক

নিজস্ব সংবাদদাতা, মান্দারমনি ঃ পূর্ব মেদিনীপুর জেলার সৈকত শহর মান্দারমনি এলাকায় ৫টি সার্বজনীন দুর্গাপুজো কমিটিকে নিয়ে বৈঠক করলেন মান্দারমনি থানার ভারপ্রাপ্ত আধিকারিক রাজকুমার দেবনাথ। রবিবার সকালে রামনগর-২ ব্লকের কালিন্দী অঞ্চলের সভাকক্ষে হয় এই বৈঠক। পুজোর ছাড়পত্র পেতে গেলে পুজো কমিটিগুলিকে কি কি নিয়ম মানতে হবে সেই বিষয়েই বিস্তারিত আলোচনা হয় সেখানে। পূর্ব মেদিনীপুর জেলার নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করার পর ভূমি দফতর, বিদ্যুৎ দফতর, দমকল এবং স্থানীয় থানার ছাড়পত্র মিললে তবেই পুজোর অনুমতি দেবেন ব্লক উন্নয়ন অধিকারিক। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন কালিন্দী গ্রাম পঞ্চায়েত প্রধান স্বপন দাস, কাঁথি মহকুমা কেন্দ্রীয় সমবায় মৎস্যজীবী উন্নয়ন সমিতির সম্পাদক লক্ষীনারায়ণ জানা, সমাজকর্মী মির মমরেজ আলি প্রমুখ।

রাত পোহালেই মহালয়া, রেডিও সারানোর কাজে ব্যস্ত দোকানদার

নিজস্ব সংবাদদাতা, মেচেদা ঃ রাত পোহালেই মহালয়া। আর মহালয়া মানেই বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের কণ্ঠে রেডিওতে মহালয়া না শুনলে পুজোর সেই মানসিক তৃপ্তি পাওয়া যায় না। তবে বর্তমানে টিভি, নেট আর মাইক্রোচিপের জগতে রেডিও, টেপ এখন একপ্রকার মানুষের মন থেকে মুছে গেছে। তবুও এক এম এসে কোনরকম রেডিও টিকে আছে। শুধু মহালয়া এলে অনেক বাঙালির বাড়ি থেকে ঝাড়পোছ করে বাজারে ব্যাটারী কিনে রেডিও চালানোর প্রচলন এখনো আছে। তবে বাজারে এখন রেডিও বিক্রিও এখন নেই বললেই চলে। তাই কালের গতিতে অনেক রেডিও দোকান বন্ধ করে দিতেও হয়েছে। আর যে কটা হাতেগোনা রয়েছে তা মহালয়ার কয়েকদিন আগে থেকে কিছু রেডিও শ্রোতা তাদের পুরাতন রেডিওতে সারাতে ভিড় জমান। তেমনিই এক ছবি ধরা পড়লো পূর্ব মেদিনীপুরের মেচেদায়। মহালয়ার সপ্তাহ খানেক আগে থেকেই কিছু রেডিও সারানোর কাজ চলছে। তবে তা মহালয়ার আগের রাতেই দিতে হবে। কারণ একটাই রেডিওতে বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের সেই সুপরিচিত কণ্ঠে মহালয়া শোনা। তাই এখন চলছে পুরোদমে রেডিও সারানোর কাজ। আর কিছু কিছু রেডিও শ্রোতা বাড়িতে আগের দিন থেকেই রেডিও ঝাড়পোছ করে দেখে নিচ্ছেন। তারও একটাই কারণ রাত পোহালেই মহালয়া।

দাঁতনে পথ দুর্ঘটনায় মৃত ২

নিজস্ব সংবাদদাতা, দাঁতন ঃ দাঁতনে লরির পিছনে ধাক্কা মারল অন্য একটি লরি। ঘটনায় মৃত ২ জন। পুলিশ জানিয়েছে, ভোর পাঁচটা নাগাদ দাঁতনের আঙুয়ায় ৬০ নম্বর জাতীয় সড়কের ধারে দাঁড়িয়ে থাকা আলুবোঝাই একটি লরির পিছনে ধাক্কা মারে অপর একটি লরি। ঘটনাস্থলেই মৃত্যু হয় ট্রাক চালক ও খালাসির। অপর ট্রাকের চালক পলাতক। পুলিশ মৃতদেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। গাড়ি দুটিকে আটক করেছে দাঁতন থানার পুলিশ।

বিবাদের জেরে মেয়েকে মেরে আত্মহত্যার চেষ্টা গৃহবধূর

নিজস্ব সংবাদদাতা, মান্দারমনি ঃ পারিবারিক বিবাদের জেরে নিজের আট মাসের শিশুকন্যাকে শ্বাসরোধ করে খুনের পরে নিজেও তেল খেয়ে আত্মহত্যার চেষ্টা চালালো এক গৃহবধূ। চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুর জেলার ভগবানপুরে। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন সেই গৃহবধূ। শনিবার রাতেই বাচ্চার মৃতদেহটি উদ্ধার করে নিয়ে গেছে ভগবানপুর থানার পুলিশ। রবিবার কাঁথি মহকুমা হাসপাতালে শিশুটির দেহ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। এই ঘটনার পর থেকে পরিবারের বাকি সদস্যরা এলাকা ছাড়া। পূর্ব মেদিনীপুর জেলার ভগবানপুর থানার আবাসবেড়িয়া গ্রামের বাসিন্দা গৌতম বেরা। স্ত্রী নিলীমা

বেরা। ওদের আট মাসের মেয়ে মৌসুমী বেরা। বিভিন্ন কারণে স্বামী ও স্ত্রীর মধ্যে প্রায়ই পারিবারিক অশান্তি লেগে থাকতো। শনিবার তেমনই কথা কাটাকাটি হয়েছিল সংসারে। তারপরে সবাই যখন যে যার কাজে ব্যস্ত তখন মেয়ে ও মা ছিল ঘরের মধ্যে। কয়েক ঘন্টা কেটে যাওয়ার পরেও মা ও মেয়ের দেখা না পেয়ে বাড়ির লোকেদের সন্দেহ হয়। ভেতর থেকে বন্ধ দরজার বাহিরে বেশ কয়েকবার ডাকার পরও সাড়া না মেলায় গায়ের জোরে দরজা খোলার চেষ্টা করতেই কেরোসিনের গন্ধ পান স্বামী গৌতম। দরজা ভেঙে ঘরে ঢুকে সবাই দেখে মেয়েটা মরে পড়ে আছে। আর পাশে পড়ে রয়েছে গৃহবধূ নিলীমা। ঘর জুড়ে কেরোসিন ও বিষের গন্ধ। বাচ্চার পাশের বালিশে লেগে রয়েছে রক্তের দাগ। সাথে সাথে গৃহবধূ নিলীমা বেরাকে প্রথমে চণ্ডীপুর প্রাথমিক হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে তাকে তমলুক জেলা হাসপাতালে পাঠানো হয়।

বর্তমানে তমলুকের একটি বেসরকারী নার্সিংহোমে চিকিৎসাধীন। পরিবার সূত্রে জানা গেছে, ভালো আছে নিলীমা। তবে ঘটনায় স্তম্ভিত প্রতিবেশী ও গ্রামের মানুষ। কোন ভাবেই এই ঘটনাটি মেনে নিতে পারছেন না তাঁরা।

দোকানের মালিককে খুনের অভিযোগে ধৃত যুবক

নিজস্ব সংবাদদাতা, বাজকুল ঃ মাঝরাতে ডাকাতি করতে এসে দোকানের মালিককে খুনের ঘটনায় জড়িত থাকার অভিযোগে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। পূর্ব মেদিনীপুর জেলার ভূপতিনগর থানার বাজকুল বাজারে এক মাস আগে খুনের ঘটনাটি ঘটে। মৃত ব্যবসায়ীর নাম আতিবালা সাউ (৬৭)। মৃতার ছেলে জয়দেব সাউ ভূপতিনগর থানায় তাঁর মাকে খুন করা হয়েছে বলে লিখিত অভিযোগ জানিয়েছিলেন। সেই অভিযোগের সূত্র ধরেই ঘটনার তদন্ত শুরু করে পুলিশ। শনিবার রাতে গ্রেফতার করে বৃদ্ধদের সাতাকী নামের এক যুবককে। রবিবার ধৃতকে কাঁথি মহকুমা আদালতে হাজির করা হয়। বিচারক ঘটনার তদন্তের জন্যে বাজকুল এলাকার বাসিন্দা এই যুবককে সাত দিনের পুলিশি হেফাজতে পাঠিয়েছেন। জানা গেছে, গত মাসের ১০ তারিখ সকালে অন্যান্য ব্যবসায়ীরা দোকান খুলতে এসে দেখেন আরতিবালা সাউয়ের দোকানের সামনে লন্ডভন্ড অবস্থা। দোকানের ক্যাস বাক্সের ড্রয়ার ভাঙ্গা, জিনিসপত্র এলোমেলো ভাবে পড়ে আছে। ভেতরে মাথা থেৎলানো অবস্থায় বৃদ্ধার মৃতদেহ পড়ে আছে। এরপরই এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে। বাজকুল বাজার কমিটির সদস্য সাধন দাস অধিকারী জানিয়েছেন, দোকানের পেছনে টিনের চাল ভেঙে দুষ্কৃতীরা দোকানে ঢুকেছিল। দোকানদার আরতিবালা সাউ এই দুষ্কৃতীদের চিনে ফেলায় তাকে নৃশংসভাবে খুন করে দুষ্কৃতীরা। সেই কাণ্ডের তদন্তে নেমে স্থানীয় এক যুবককে গ্রেফতার করে পুলিশ।

রামনগরে চুরির অভিযোগ ধৃত

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ বাড়িতে চুরি করার ঘটনায় এক যুবককে গ্রেফতার করল রামনগর থানার পুলিশ। অভিযুক্ত জয়দেব মাইতির বাড়ি রামনগর থানার সটিলাপুর গ্রামে। রবিবার ধৃতকে কাঁথি আদালতে তোলা হলে বিচারক তার জামিন নাকচ করে পুলিশ হেফাজতের নির্দেশ দেন। প্রসঙ্গত গত ৩ অক্টোবর রাতে রামনগরের সটিলাপুরে এক গৃহস্থ বাড়িতে চুরির ঘটনা ঘটে। ঘটনার পর বাড়ির মালিক থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ ধৃতকে গ্রেফতার করে। যদিও চুরি যাওয়া জিনিসগুলি উদ্ধার করতে পারেনি পুলিশ।

দুটি পৃথক ঘটনায় মৃত দুই শিশু

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ দুটি পৃথক এলাকায় পুকুরে পড়ে গিয়ে এক নাবালক ও এক নাবালিকার মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে আসে। ঘটনা দুটি ঘটেছে পূর্ব মেদিনীপুর জেলার রামনগর ও দেশপ্রাণ এলাকায়। জানা গেছে, শনিবার বিকালে রামনগরের পুথুরিয়াতে বাড়ির পাশে পুকুরের ধারে খেলার সময় আচমকা জলে পড়ে যায় অংশুমান জানা (২)। কিছুক্ষণ পরে ঘটনাটি নজরে আসে পরিবারের লোকেদের। তাঁরা পুকুর থেকে এই শিশুপুত্রকে উদ্ধার করে বড়রাঙ্গুয়া হাসপাতালে নিয়ে যায়। সেখানেই চিকিৎসকেরা অংশমানকে মৃত বলে ঘোষণা করেন। পরে রামনগর থানার পুলিশ এই নাবালকের মৃতদেহ উদ্ধার করে কাঁথি মহকুমা হাসপাতালে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। অন্যদিকে রবিবার সকালে কাঁথি থানার দেশপ্রাণ ব্লকের ঢোলমারিতে অপর দুর্ঘটনাটি ঘটে। মৃতার নাম শ্রেয়া গিরি (২)।

জানা গেছে, এই শিশু কন্যাও সকালে পুকুর ধারে খেলার সময়ে জলে পড়ে যায়। বাড়ির লোকেরা উদ্ধার করে চিকিৎসার জন্য কাঁথি মহকুমা হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে বস্ত্রদান

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ কয়েকজন কলেজ পড়ুয়া ও যুবক-যুবতীদের স্বেচ্ছাসেবী সংগঠন 'মন ও জীবন'-এর উদ্যোগে পূর্ব মেদিনীপুর জেলার কাঁথির বিরামপুট প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়াদের হাতে নতুন জামাপ্যান্ট তুলে দেওয়া হল। কুমারপুর মন ও জীবনের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন বিদ্যালয়ের শিক্ষক থেকে অভিভাবকরা। বিরামপুট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীকৃষ্ণ মন্ডল জানিয়েছেন, তাঁদের বিদ্যালয়ে মোট পড়ুয়া ৫৪ জন। এর মধ্যে ছাত্র ২৫ জন ও ছাত্রী ২৯ জন। তিনি আরও জানান, এই সংগঠনের থেকে যোগাযোগ করে তাঁদের উদ্যোগের কথা জানালে আমি সঙ্গে সঙ্গে ধন্যবাদ জানিয়েছি। কিছু সংগঠন এই ভাবে যদি এগিয়ে আসে তবে সকলের কাছেই উৎসবটা অনন্দের হয়ে উঠবে। অনুষ্ঠানে সংগঠনের পক্ষ থেকে দিকবিজয় বেরা, তন্ময় গিরি, রাহুল নায়ক, মনিমালা সেনাপতি, সঞ্চিতা দিন্ডা, সোনাম সিং উপস্থিত ছিলেন। অভিভাবকরা জানান, পারিবারিক দুরাবস্থার কারণে পুজোর সময় ছেলে ও মেয়েদের নতুন কিছু কিনে দেওয়া হয়না। এই সংস্থার উদ্যোগের ফলে আমাদের বাড়ির ছেলেমেয়েদের এই পুজোতে নতুন জামা-কাপাড় পড়বে দেখে ভালো লাগছে।

অবৈধ চোলাইয়ের ঠেকে মহিলাদের হানা

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ হাইস্কুলের পাশেই দীর্ঘদিন ধরে চোলাই মদ বিক্রির অভিযোগ ছিলই। আর সেখানেই দিনের পর দিন ধরে অবৈধ চোলাইয়ের ঠেক চালাচ্ছিল এক ব্যক্তি। কিন্তু বছরার পুলিশ প্রশাসনের দ্বারস্থ হয়েও সুরাহা হয়নি। অবশেষে ওই ব্যবসায়ীকে বেধড়ক গণ ধোলাই দিল গ্রামের মহিলা বাহিনী। বর্তমানে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন ওই ব্যবসায়ী। ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুরের কাঁথি থানার মাজনার কাপাসদা গ্রামে। ওই গ্রামের বাসিন্দা সুনীল মহাপাত্র ওরফে বাবলু'র বিরুদ্ধে অভিযোগ, গ্রামের হাইস্কুলের কাছেই অবাধে চোলাইয়ের ঠেক চালাচ্ছিল সে। শুধু তাই নয়, সঙ্গে ছিল জুয়া, গাঁজার আসরও। এই চোলাইয়ের ঠেকের ধাক্কায় ক্রমেই বিপথে যাচ্ছে স্কুলপড়ুয়া ছেলেরা। কিন্তু সব জেনেও অদ্ভুতভাবে নীরব স্থানীয় পুলিশ থেকে প্রশাসন। অবশেষে এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন এলাকার মহিলারা। শনিবার রাতে মহিলারা দল বেঁধে এই চোলাইয়ের ঠেকে গিয়ে ভেঙে দেয় অবৈধ দোকান। সেই সঙ্গে ওই ব্যবসায়ীকেও বেধড়ক মারধর করা হয়। খবর পেয়ে কাঁথি থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে ওই ব্যবসায়ীকে উদ্ধার করে নিয়ে আসে। বর্তমানে কাঁথি মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে ওই ব্যবসায়ী। তবে বিক্ষোভকারীদের দাবি, দোকানদারকে একাধিকবার সতর্ক করা হয়েছে। স্থানীয় তৃণমূল নেতাদেরকেও জানানো হয়েছিল, কিন্তু না করায় আমরাই অবৈধ মদের ঠেক ভেঙেছি।

স্থানীয় এক তৃণমূল নেতার কথায়, আবগারি দফতর ও পুলিশের সহযোগিতায় চোলাই বিক্রি বন্ধ হয়েছে। তবে স্কুলের পাশে ওই দোকান থেকে মদ বিক্রির অভিযোগ পাইনি। পূর্ব মেদিনীপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিৎ বসু বলেন, অবৈধভাবে মদ বিক্রি করা সম্পূর্ণ বেআইনি। তবে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কাঁথিতে শেষ হল আম্পায়ার কর্মশালা

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ সিএবির প্রাক্তন সভাপতি প্রয়াত জগমোহন ডালমিয়ার ছবিতে মাল্য দান করে শেষ দিনের সিএবির কর্মশালার দ্বিতীয় দিনের সূচনা করেন কাঁথি মহকুমা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক বিশ্বজিৎ দত্ত। কাঁথি মহকুমা ক্রীড়া সংস্থা পরিচালিত পূর্ব মেদিনীপুর জেলা দুদিনের আম্পায়ার কর্মশালা আজ শেষ হল কাঁথির সিএসএএ মাঠে। আজকের শেষের দিনে মাঠে উপস্থিত হন সাবেক মেদিনীপুর জেলা স্পোর্টস-এর সাধারণ সম্পাদক বিনয় দাস মাল ও পূর্ব মেদিনীপুর ইউথ ক্রিকেট ডেভলপমেন্ট কমিটির সম্পাদক বিপ্লব চক্রবর্তী। তাঁদেরকে ক্রীড়া সংস্থার পক্ষ থেকে সম্বর্ধনা দেওয়া হয়। এই দুদিনের কর্মশালা করে স্থানীয় আম্পায়াররা খুবই উপকৃত হন। সিএবি-র তিন জন আম্পায়ার স্বপন ঘোষ, তুষার ঘোষ ও তুষার দাসকে স্মারক দিয়ে সম্মানিত করা হয়। সমস্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন ক্রীড়া সংস্থার কোষাধ্যক্ষ রামকৃষ্ণ পন্ডা।

নিয়মের বেড়াজালে অতিষ্ঠ ফটোগ্রাফাররা

নিজস্ব সংবাদদাতা, পূর্ব মেদিনীপুর ঃ পূর্ব মেদিনীপুর জেলার স্টুডিও মিক্সিং-এর মালিক ও ফটোগ্রাফাররা টি-সিরিজ কোম্পানির নিয়মের বেড়াজালে অতিষ্ঠ। ফটোগ্রাফার এ্যাসোসিয়েশন নামক সংগঠন তৈরি করে আন্দোলনে নামলেন কয়েক হাজার ফটোগ্রাফার ও স্টুডিও মালিকরা। মিক্সিং মেন এই আন্দোলনে সামিল হলেন। অভিযোগ, বিয়ে বাড়ি বা কোনো অনুষ্ঠান বাড়িতে ভিডিও ফটোগ্রাফি করে এডিটিং ও মিক্সিং করে তাতে গান অ্যাড করে গ্রাহকদেরকে দিতে হতো। আর মিক্সিং করতে টি-সিরিজ কোম্পানির গান ব্যবহার করত। এর দরুণ মিক্সিং মেন ও স্টুডিও মালিকরা টি-সিরিজ কোম্পানিকে বছরে ১০ হাজার থেকে ৬০ হাজার টাকা পর্যন্ত দেয়। না দিলে পুলিশ মারফত ওই মিক্সিং মেন স্টুডিও মালিকদের গ্রেফতার করে নিয়ে যাওয়া হয়। এছাড়াও মিক্সিং মেসিনও পুলিশ বাজেয়াপ্ত করত। এর ফলেই অনেক বেকার যুবক রুজিরুটি হারাতে বসেছে। তাই সংগঠনের মাধ্যমে জেলার বৃহত্তর আন্দোলনে যাওয়ার হুমকি দিয়েছেন এই সংগঠনের সম্পাদক সূর্য্য সামন্ত। যদিও এই অভিযোগ সত্য নয় বলে দাবি করেছেন টি-সিরিজ কোম্পানির পূর্ব মেদিনীপুর জেলার আধিকারিক অলোক কর। টি-সিরিজ কোম্পানির আধিকারিকের দাবি, ফটোগ্রাফার ও স্টুডিও মালিকরা বেআইনি কাজ করছে। এর বিরুদ্ধে তার সংস্থা আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করাতেই পরিকল্পিতভাবে মিথ্যা কথা রটানো হচ্ছে বলে দাবি অলোক করের।

এগরায় ময়লা পরিষ্কারে উদাসীন প্রশাসন

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ প্রশাসনের আবেদনে সাড়া দিয়েছেন জনগণ। শুধু প্রশাসনের সেই বিষয়ে মাথা ব্যথা নেই। কিংবা তাঁরা যে আহ্বান জানিয়েছি নিজেদের দায় সারলেন সেটা হয়তো বোঝা সম্ভব হয়নি এলাকার অধিবাসীদের। তাই ভ্যাটে প্রতিদিন এলাকার মানুষ নিয়ম করে ময়লা ফেললেও সেই ময়লা-আবর্জনা তুলে নিয়ে যাওয়ার জন্যে কোনও হেলোলোল নেই এগরা পৌর প্রশাসনের। পূর্ব মেদিনীপুর জেলার এগরায় রাজ্য সরকারের খাদ্য দফতরের পাশে এগরা-বাজকুল রোডের ধারের এই ভ্যাট প্রায় এক মাস ধরে ময়লা-আবর্জনায় ভরে রয়েছে। সেখান থেকে ছড়াচ্ছে দুর্গন্ধ। এলাকায় বাড়ছে মশা-মাছির উপদ্রব। পাশেই আবার এগরার মহকুমা শাসকের অফিস ও আবাসন। আছে কৃষি দফতর। প্রতিদিন প্রচুর মানুষের আনাগোনা। তার পরেও হলদিয়া পৌরসভা কিংবা মহকুমা প্রশাসনের কোন উদ্যোগই নেই ভ্যাটে জমে থাকা ময়লা পরিষ্কারের বিষয়ে।

তথ্য ও ছবি - সঞ্জীব আচার্য

রাস্তা বেহাল, মেরামতে এলাকার বাসিন্দারা

নিজস্ব সংবাদদাতা, পটাশপুর ঃ পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুরের পূর্ব খাড় এলাকার বাসিন্দারা রাস্তা মেরামতির কাজে হাত লাগিয়েছেন। এই রাস্তাটি বেঁচা, কৈঁচোড়, গোকুলপুর, রামচন্দ্রপুর, পূর্ব খাড়ের কয়েক হাজার মানুষের যাতায়াতের গুরুত্বপূর্ণ মাধ্যম। অভিযোগ, এই এলাকায় বিরোধীরা শক্তিশালী। তাই তৃণমূল পরিচালিত স্থানীয় প্রসাসন রাস্তা সংস্কারে উদাসীন। তার জেরে প্রতিদিন দুর্ঘটনার মুখে পড়তে হচ্ছে এলাকাবাসীকে। পটাশপুর-২ নম্বর ব্লকের খাড় পঞ্চায়েতের পূর্বখাড় গ্রামের রাস্তার বেহাল দশা। অভিযোগ, বহু রাস্তায় বড় বড় গর্ত, কোথাও রাস্তার অংশ ধসে গেছে। এলাকাবাসীর অভিযোগ, স্থানীয় প্রশাসনকে বারবার জানিয়েও কোনও লাভ হয়নি। তাই নিজেদের নিরাপত্তার কথা মাথায় রেখে স্থানীয় সিপিএম নেতা চন্দন জানা, তারকান্ত মিশ্র, হরিশচন্দ্র আচার্য, বিজেপি নেতা প্রণতোষ আচার্য, বীরকুমার আচার্য, অশোক ভুইঞ্যা, বৈদ্যনাথ দাস, কংগ্রেস নেতাদের উদ্যোগে রবিবার সকালে নিজেরাই রাস্তা সারাইয়ে হাত লাগালেন। সঙ্গে ছিলেন স্থানীয় বাসিন্দারাও। যদিও স্থানীয় পঞ্চায়েত বা প্রশাসনের তরফে এই বিষয়ে কোনও উত্তর পাওয়া যায়নি।

সায়েন্স একাডেমীর উদ্যোগে কর্মশালা

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ কন্টাই সায়েন্স একাডেমীর উদ্যোগে 'ওরিয়েনটেশন ওয়ার্কশপ অন সায়েন্স এডুকেশন' বিষয়ে কন্টাই মডেল ইন্সটিটিউশনে অনুষ্ঠিত হওয়া দু'দিনের কর্মশালা শিবির শেষ হল রবিবার। কন্টাই সায়েন্স একাডেমী সূত্রের খবর, কর্মশালা শিবিরে দশটি স্কুলের মোট শতাধিক ছাত্রছাত্রীদের নিয়ে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং জীববিদ্যার উপর পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে বিস্তারিত আলোচনা করা হয়েছে। উপস্থিত ছিলেন কন্টাই সায়েন্স একাডেমীর প্রতিষ্ঠাতা ও সভাপতি অধ্যাপক বিজয়কৃষ্ণ দাস, কন্টাই মডেল ইন্সটিটিউশনের প্রধান শিক্ষক সিদ্ধার্থশঙ্কর কর, কাঁথি কিশোরনগর হাইস্কুলের সহ প্রধান শিক্ষক অরিন্দম বারিক, রসায়ন শিক্ষিকা আরতি মুখোপাধ্যায় প্রমুখ। সমগ্র কর্মশালার দায়িত্বে ছিলেন অধ্যাপক প্রদীপ্ত পঞ্চাধ্যায়ী।